



CHIEF ADVISOR
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF
BANGLADESH

Message

10 December 2025

On the auspicious occasion of Human Rights Day 2025, I, on behalf of the people and the Government of Bangladesh, reaffirm our steadfast commitment to upholding the human rights and fundamental freedoms of all, as enshrined in the Universal Declaration of Human Rights and the UN Charter. This year, the world observes the day under the theme “Human Rights, Our Everyday Essentials.”

In Bangladesh, we celebrate this day about a year and a half after the historic youth-led “July Uprising”. People from all walks of life rose against oppression and tyranny, defeating a fascist regime in pursuit of dignity and human rights. A “New Bangladesh” has emerged from this tumultuous period. We are now preparing to hold a democratic, free and fair general election in early February 2026, charting a path toward building a just and equal society and strengthening our democracy. With the overwhelming support of our people, we have further upheld our commitment to justice through the recent verdict of the International Crimes Tribunal-Bangladesh, which convicted members of the deposed regime of crimes against humanity in connection with the “July Uprising”.

Today, we stand proud as a nation that has acceded to all nine core international human rights treaties, most recently the International Convention for the Protection of All Persons from Enforced Disappearance. We have also acceded to the Optional Protocol to the Convention against Torture and all core ILO conventions, underscoring our dedication to labour rights and ethical workplace practices.

Internationally, Bangladesh continues to play an active role in global norm-setting as a member of the Human Rights Council. We remain engaged in international efforts to address emerging global challenges that hinder the full enjoyment of human rights, including conflicts, humanitarian crises, climate change and forced displacement.

We remain steadfast in advocating for the rights of the persecuted Rohingyas, who face oppression rooted in ethnicity-based politics. Even after eight years, not a single Rohingya has been able to return to Myanmar. We continue to shoulder a significant humanitarian burden by providing temporary shelter, while persistently drawing global attention to their plight, most recently at the UN High-level Conference on 30 September 2025. Likewise, we remain vocal in condemning human rights violations anywhere in the world, including in the Gaza Strip, and we continue to stand in solidarity with the people of Palestine in their legitimate struggle for statehood, justice and freedom.

As we observe Human Rights Day 2025, we reiterate our call that human rights ought to be promoted as an article of faith to assert the worth and value of every human life with dignity and without any discrimination. We also renew our pledge to work resolutely with our international partners and the UN system to further strengthen our national human rights regime, and to engage meaningfully with the international community in advancing global human rights standards.

(Professor Muhammad Yunus)



প্রধান উপদেষ্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

১০ ডিসেম্বর ২০২৫

মানবাধিকার দিবস ২০২৫ উপলক্ষে আমি বাংলাদেশের জনগণ ও সরকারের পক্ষ থেকে মানবাধিকারের সার্বজনীন ঘোষণাপত্র ও জাতিসংঘ সনদে সন্নিবেশিত সকল মানবাধিকার ও মৌলিক স্বাধীনতা রক্ষায় আমাদের দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি। এ বছর "মানবাধিকার, আমাদের নিত্যদিনের অপরিহার্য" প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্বব্যাপী দিবসটি পালিত হচ্ছে।

বাংলাদেশে তরুণদের নেতৃত্বে পরিচালিত ঐতিহাসিক জুলাই গণঅভ্যুত্থানের প্রায় দেড় বছর পর আমরা এবারের মানবাধিকার দিবস উদযাপন করছি। চব্বিশের জুলাইয়ে এদেশের সর্বস্তরের জনগণ নিপীড়ন ও স্বৈরশাসনের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে ফ্যাসিবাদী শাসনকে পরাজিত করে, নিশ্চিত হয় জনগণের অধিকার ও মর্যাদা। অশান্ত পরিস্থিতির মধ্য দিয়েই একটি 'নতুন বাংলাদেশ' আত্মপ্রকাশ করে। আমরা এখন ২০২৬ সালের ফেব্রুয়ারির শুরুর দিকে একটি গণতান্ত্রিক, অবাধ ও সুষ্ঠু জাতীয় নির্বাচন আয়োজনের প্রস্তুতি নিচ্ছি, যাতে ন্যায়ভিত্তিক ও সমতাপূর্ণ সমাজ গঠন এবং আমাদের গণতন্ত্রকে আরও শক্তিশালী করার পথ নির্ধারণ করা যায়। ইতোমধ্যে জনগণের বিপুল সমর্থনের ভিত্তিতে, সম্প্রতি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, বাংলাদেশ-এর রায়ের মাধ্যমে ন্যায়বিচারের প্রতি আমাদের অঙ্গীকার আরও সুদৃঢ় করেছি, যেখানে পতিত স্বৈরাচারী সরকারের সদস্যদের জুলাই গণঅভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করা হয়েছে।

আজ আমরা গর্বের সঙ্গে এমন একটি জাতি হিসেবে দাঁড়িয়ে আছি যারা মানবাধিকার সংক্রান্ত জাতিসংঘের নয়টি মূল আন্তর্জাতিক চুক্তির সবগুলোতে যোগ দিয়েছে; যার সর্বশেষটি হলো গুম বিষয়ক আন্তর্জাতিক কনভেনশন 'ইন্টারন্যাশনাল কনভেনশন ফর দ্য প্রোটেকশন অব অল পারসন্স ফ্রম এনফোর্সড ডিসেপ্টিয়ারেস'। আমরা একইসঙ্গে নির্যাতনবিরোধী কনভেনশনের ঐচ্ছিক প্রোটোকল এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার সব মূল কনভেনশনেও সই করেছি, যা আমাদের শ্রমিকদের অধিকার ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে সহায়ক হবে।



প্রধান উপদেষ্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতিসংঘ মানবাধিকার পরিষদের সদস্য হিসেবে বিশ্বব্যাপী মানবাধিকার সমুন্নত রাখতেও আমরা সক্রিয় অবদান রেখে যাচ্ছি। সংঘাত, মানবিক সংকট, জলবায়ু পরিবর্তন ও জোরপূর্বক বাস্তবচ্যুতির মতো ঘটনা যা মানবাধিকার সুরক্ষার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে এসব বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় আন্তর্জাতিক সম্প্রদায়ের সাথে আমরা একযোগে কাজ করছি।

মিয়ানমারে জাতিগত নিপীড়নের শিকার হয়ে বাংলাদেশে আশ্রয় নেয়া বাস্তবচ্যুত রোহিঙ্গাদের অধিকার সুরক্ষায় আমরা দৃঢ়প্রতিজ্ঞ। এটি অত্যন্ত দুঃখজনক যে, আট বছর পরও মিয়ানমার এখন পর্যন্ত একজন রোহিঙ্গাকেও ফেরত নেয়নি। দ্রুততম সময়ে নিরাপদ প্রত্যাগমন কার্যকর করার মধ্য দিয়ে রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানের বিষয়ে আমি আন্তর্জাতিক সম্প্রদায়ের সুদৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নিউ ইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘের উচ্চ-পর্যায়ের সম্মেলনেও আমি রোহিঙ্গা ইস্যুতে আমাদের এই অবস্থান জানিয়েছি। একইভাবে, গাজাসহ বিশ্বের যেকোন স্থানে মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে আমরা সোচ্চার রয়েছি এবং একটি স্বাধীন ও সার্বভৌম ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার প্রতি আমাদের অকুণ্ঠ সমর্থন অব্যাহত রেখেছি, স্বাধীনতার জন্য ফিলিস্তিনের জনগণের ন্যায্য সংগ্রামে তাঁদের সাথে সংহতি প্রকাশ করেছি।

এ বছর মানবাধিকার দিবসের দিনে আমরা আমাদের আহ্বান পুনর্ব্যক্ত করছি যে মানবাধিকারকে বিশ্বাসের একটি অংশ হিসেবে প্রচার করা উচিত, যাতে প্রতিটি মানুষের জীবনের মূল্য মর্যাদার সাথে এবং কোনো বৈষম্য ছাড়াই প্রতিষ্ঠিত হয়। আমরা আমাদের জাতীয় মানবাধিকার ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে আমাদের আন্তর্জাতিক অংশীদার এবং জাতিসংঘের সাথে দৃঢ়ভাবে কাজ করার এবং বিশ্বব্যাপী মানবাধিকার সমুন্নত রাখতে সকল আন্তর্জাতিক অংশীদারের সঙ্গে নিবিড়ভাবে সহযোগিতার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করছি।

(প্রফেসর মুহাম্মদ ইউনুস)